ডিরেক্টরস গিল্ড Director's Guild

## নির্বাচন কমিশন কার্যালয়

১১০/এ, রোড-২, নিকেতন হাউজিং. গুলশান, ঢাকা।

গত ৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত ডিরেক্টরস গিল্ডের দ্বিবার্ষিক সাধারণ পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে, আগামী ৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে গিল্ডের ২০১৮-২০২০ মেয়াদের কার্যকরী পরিষদের নির্বাচন আয়োজনের লক্ষ্যে, ডিরেক্টরস গিল্ডের গঠনতন্ত্রের ১২(ঘ) ধারা মোতাবেক নিম্নোক্ত নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

## নির্বাচনী তফসিল-১

১) **ডিরেক্টরস গিল্ডের কার্যালয়** : ১১০/এ, রোড-২, নিকেতন হাউজিং. গুলশান, ঢাকা।
নির্বাচন কমিশনের অস্থায়ী কার্যালয় বলে গণ্য হবে।

২) **গিল্ডের পূর্ণ সদস্য তালিকা প্রকাশ** : ১৪ জুলাই ২০১৮।

৩) **সদস্য চাঁদা পরিশোধের সর্বশেষ তারিখ** : ২৬ জুলাই ২০১৮।

৪) **খসড়া ভোটার তালিকা প্রকাশ** : ২৮ জুলাই ২০১৮।

৫) **চুড়ান্ত ভোটার তালিকা প্রেকাশ** : ৩০ জুলাই ২০১৮।

৬) **মনোনয়ন পত্র সংগ্রহ** : ১ আগষ্ট ২০১৮ থেকে ৪ আগষ্ট ২০১৮ ।

(নির্বাচন কমিশনের কার্যালয় থেকে মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে।
সংগ্রহের সময় প্রতিদিন সকাল ১০.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত।
প্রতিটি মনোনয়ন পত্রের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র অফেরৎযোগ্য।)

৭) **মনোনয়নপত্র দাখিলের শেষ সময়** : ৬ আগষ্ট ২০১৮ রাত ৮টা পর্যন্ত।

৮) **মনোনয়ন পত্র বাছাই ও প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ** : ৮ আগষ্ট ২০১৮।

৯) **মনোনয়নপত্র প্রত্যাহার** : ১১ আগষ্ট ২০১৮ সকাল ১০ টা থেকে রাত ৮টা পর্যন্ত।

মনোনয়নপত্র প্রত্যাহারের জন্য পৃথক ভাবে সাদা কাগজে

নির্বাচন কমিশনের কাছে আবেদন করতে হবে।

১০) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ : ১২ আগষ্ট ২০১৮।

১১) নিম্নোক্ত পদ সমূহে নির্বাচন অনুষ্ঠিত হবে :

| | পদনাম | সংখ্যা |
|---|---|---|
| ১১.১ | সভাপতি | ১ |
| ১১.২. | ১ম সহ-সভাপতি | ১ |
| ১১.৩. | ২য় সহ-সভাপতি | ১ |
| ১১.৪. | ৩য় সহ-সভাপতি | ১ |
| ১১.৫. | সাধারণ সম্পাদক | ১ |
| ১১.৬. | ১ম যুগ্ম সাধারণ সম্পাদক | ১ |
| ১১.৭. | ২য় যুগ্ম সাধারণ সম্পাদক | ১ |
| ১১.৮. | অর্থ সম্পদক | ১ |
| ১১.৯. | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ১১.১০. | প্রচার সম্পদক | ১ |
| ১১.১১. | কার্যনির্বাহী পরিষদ সদস্য | ১০ |
| | মোট = | ২০ |

১২) মনোনয়ন পত্র দাখিল ফি নিম্নরূপ :

**১২.১. সভাপতি ও সাধারণ সম্পাদক** = ১০০০০/- (দশ হাজার) টাকা
**১২.২. সহ-সভাপতি ও অন্যান্য পদ** = ৭০০০/- ( সাত হাজার) টাকা
**১২.৩. সদস্য পদ** = ৫০০০/- (পাঁচ হাজার) টাকা

(মনোনয়ন পত্র দাখিল ফি অফেরৎযোগ্য। মনোনয়ন পত্রে প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে(প্রস্তাবকারী ও সমর্থনকারীকে ডিরেক্টরস গিল্ডের সদস্য পদ হালনাগাদ থাকতে হবে)। মনোনয়নপত্রে প্রার্থীর সদস্য ফি ও বকেয়া অর্থ পরিশোধের সপক্ষে গিল্ডের সভাপতি অথবা সাধারন সম্পাদকের প্রতি স্বাক্ষর থাকতে হবে। মনোনয়ন পত্র নির্বাচন কমিশনের নিকট দাখিলের সময় প্রার্থীর ১ (এক) কপি পাসপোর্ট আকারের রঙিন সত্যায়িত ছবি প্রদান করতে হবে। অসম্পূর্ণ মনোনয়নপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।)

১৩) **নির্বাচন বিধিমালা :**

১৩.১. প্যানেল ভিত্তিক নির্বাচন করা যাবে না ।
১৩.২. প্রত্যেক প্রার্থীকে নিজ পরিচয়ে নির্বাচনে অংশগ্রহণ করতে হবে।

১৩.৩. একের অধিক পদে মনোনয়ন পত্র দাখিল করা যাবে না।

১৩.৪. প্রার্থী হ্যান্ডবিল ( সাদা কালো A4 সাইজের ), SMS এবং ফোনের মাধ্যমে নির্বাচনী প্রচারণা চালাতে পারবেন।

১৩.৫. নির্বাচনী প্রচার অভিযানে, কোন প্রার্থী কর্তৃক - পোষ্টার, ফেসবুক বা অন্য কোন সামাজিক যোগাযোগ মাধ্যমকে ব্যবহার করা যাবে না। তফশীল ঘোষনার পর হতে গিল্ডের ফেসবুক ও ভাইবার গ্রপ সাময়িক বন্ধ থাকবে।

১৩.৬. নির্বাচন কে কেন্দ্র করে কোন প্রকার সভা, মিছিল, মাইকিং বা অনুষ্ঠান করা যাবে না।

১৩.৭. নির্বাচন উপলক্ষ্যে প্রার্থী কর্তৃক কোন প্রকার আনুষ্ঠানিকতার আয়োজন করা যাবে না।

১৩.৮.ডিরেক্টরস গিল্ড এর ভোটার আইডি কার্ড ব্যতীত কোন ভোটার তার ভোটাধিকার প্রয়োগ করতে পারবে না।

১৩.৯. ডিরেক্টরস গিল্ডের কোন সদস্য কর্তৃক কোন প্রার্থীকে গণমাধ্যম বা কোন সামাজিক যোগাযোগের মাধ্যমে কোন প্রকার হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে কোন প্রকার লেখা বা প্রচার কার্য চালাতে পারবেন না।

১৩.১০ কোন প্রার্থী অপর কোন প্রার্থী বা সদস্যকে ভয়-ভীতি প্রদর্শন ও হুমকি দিতে পারবেন না এবং কোন সদস্য নির্বাচনের প্রার্থী হতে চাইলে তাকে কোন প্রকার বাধা প্রদান করা যাবে না।

১৩.১১ প্রতিজন ভোটারকে প্রতিটি নির্ধারীত পদে অতি অবশ্যই ভোট প্রদান করতে হবে। অন্যথায় তার ভোট বাতিল বলে গন্য হবে।

১৩.১২.উল্লিখিত নির্বাচন বিধিমালা কেউ ভঙ্গ করলে নির্বাচন কমিশন প্রমান সাপেক্ষে তার প্রার্থীতা বাতিল করতে পারবেন। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৪) নির্বাচন : ৫ সেপ্টেম্বর, ২০১৮, বুধবার।**

**(ভোটদান পর্ব : সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যস্ত। নির্বাচনে ভোট গ্রহন ই ভি এম (EVM ) পদ্ধতিতে হবে।**
নামাজ ও মধ্যাহ্ন ভোজের জন্য বেলা ১টা থেকে ২টা পর্যন্ত ভোট গ্রহণ বন্ধ থাকবে।
নির্বাচন কেন্দ্র : শিল্পকলা একাডেমী, সেগুন বাগিচা, ঢাকা।)

১৫) **ভোট গণনা ও প্রাথমিক ফলাফল প্রকাশঃ** ৫ সেপ্টেম্বর, ২০১৮, বুধবার।
(বিকেল ৬ টা থেকে ভোট গণনা শুরু হবে এবং গণনা শেষ হলে নির্বাচন কমিশন কর্তৃক প্রাথমিক ফলাফল ঘোষণা করা হবে।)

ডিরেক্টরস গিল্ড Director's Guild

(Television Drama Directors' organization)

১৬) **আপীলের সময় :** ৬ সেপ্টেম্বর থেকে ৮ সেপ্টেম্বর ২০১৮।

১৭) **চূড়ান্ত ফলাফল প্রকাশ :** ১০ সেপ্টেম্বর, ২০১৮।

**ধন্যবাদান্তে**

| | | |
|---|---|---|
| **আমজাদ হোসেন** | **মামুনুর রশীদ** | **কাওসার চৌধুরী** |
| প্রধান কমিশনার | কমিশনার | কমিশনার |
| নির্বাচন কমিশন | নির্বাচন কমিশন | নির্বাচন কমিশন |
| ডিরেক্টরস গিল্ড | ডিরেক্টরস গিল্ড | ডিরেক্টরস গিল্ড |